

Welland Gouldsmith School

Bengali 2nd Language

Class 8

Worksheet 4

★ দার্জিলিঙের চিঠি (কবিতা) : সত্যেন্দ্রনাথ দত্ত

কবি তার নিজের দার্জিলিং ভ্রমণের অভিজ্ঞতা এই কবিতায় বর্ণনা করেছেন। মাটি থেকে প্রায় সাতশো ফুট উঁচুতে দার্জিলিং শহরে তিনি যখন ছিলেন প্রকৃতির এক অপূর্ণ দেখেছিলেন। সমতলের ধুলোবালি যেখানে অনেক কম। তাই আকাশের পরিষ্কার নীল রঙ আর তাতে ছড়ানো সাদা মেঘের রূপ অতুলনীয় হয়ে ওঠে। এখানে তিনি এনেছেন পুরাণ প্রসঙ্গ। বিষ্ণুবাহন গরুড় আকাশ পথে যাওয়ার সময় যেন ডানা ঝাপটে সাদা পালক উড়িয়ে দিয়ে গেছে। সাদা মেঘ গুলো দেখে কবির মনে এই ভাবনা জেগেছিল।

পাহাড়ি শহরে হঠাৎ আসা কুয়াশায় ঢেকে যায় সবকিছু। এসেছে ঘুম স্টেশনের কথা। এই কুয়াশা কবির কাছে কোনো মায়াবি বুড়ির মস্তুর দ্বারা সৃষ্ট। এই কুয়াশায় ঢাকা পড়ে যায় সমগ্র জগৎ। পাহাড়ি বৌদ্ধ মন্দির বা বৌদ্ধ শ্রমণ দেব কথায় এখানে এসেছে। তাদের জগৎ, মনোস্তি সবই যেন ঢাকা পড়ে যায় এই কুয়াশার আড়ালে।

বাংলাদেশের মানুষ পাহাড়ে যেতে ভালবাসে। এই কাজের প্রথম পথিকৃৎ বলা যায় অতীশ দীপঙ্কর কে। পাহাড়ে চড়ার নেশা, ভালবাসার কথা এখানে বলেছেন। পাহাড়ের মধ্যে লুকিয়ে থাকা রহস্যের অন্ধকার কে ঘুচিয়েছে মানুষ। নিজের নিজের দক্ষতায় আপন করেছে তারা এই সৌন্দর্যকে। তাদের সেই সাফল্যের কলরব ছড়িয়ে আছে পাহাড়ের সর্বত্র।

পর্বতশৃঙ্গ দেখার অভিজ্ঞতা এক অনন্য অভিজ্ঞতা। যার রূপ যুগে যুগে একই ভাবে মানুষের মনে বিস্ময় জাগায়। সূর্যের প্রথম আলো পড়লে পাহাড়ের চূড়ার যে শোভা যা স্বর্ণচূড়ার কথা মনে করায়।

এই সময় হঠাৎ সন্ধ্যাকালের অন্ধকার এসে ঢেকে দেয় সবকিছু। এই অন্ধকারে পাহাড়ি সৌন্দর্য অন্য এক রূপে ধরা দেয়। পাহাড়িয়া গ্রামগুলোয় জ্বলে ওঠে সন্দের আলো। দূর থেকে কবির মনে হয়েছে সমগ্র পাহাড় জুড়ে গাঁদা ফুলের ঝাড় জ্বলজ্বল করছে।

প্রশ্ন (সব প্রশ্নের নং 2+2+3+3)

১. “ ফিরোজা রঙ আকাশে যেথা, মেঘের কুচি তায়,

গরুড় যেন স্বর্গপথে পাখনা বেড়ে যায়। “

ক) ফিরোজা রঙ কি, কোথায় দেখা যায়?

খ) গরুড় কে?

গ) কি তুলনা এখানে এনেছেন কবি?

ঘ) এটি কোন বিশেষ জায়গার কথা বলা হয়েছে, কবি কোথায় ছিলেন?

২. “ লামার মুলুক লাসা কি ওই ঢাকা কুয়াশায়?

বাংলাদেশের মানুষ যেথা আজো পূজা পায়। “

ক) লামার মুলুক বলতে কি বোঝ?

খ) তা কুয়াশায় ঢাকা কেন?

গ) বাংলাদেশের মানুষের প্রসঙ্গ কি ভাবে এসেছে?

ঘ) তারা কেন পূজা পায়?

৩. “ সন্ধ্যা এসে ডুবিয়ে দিল রঙীন চরাচর,

অনিচ্ছাতে রুদ্ধ হল দৃষ্টি অতঃপর। “

ক) চরাচর ও রুদ্ধ শব্দ দুটির কি কি অর্থ?

খ) রঙীন চরাচর কেন বলা হয়েছে?

গ) দৃষ্টি রুদ্ধ কেন বলেছেন কবি?

ঘ) সন্ধ্যায় পাহাড়ের কি রূপ প্রকাশ পেয়েছে কবিতায়?

এই কবিতার লাইন বাদে অন্য যেকোনো লাইন থেকেই প্রশ্ন হতে পারে।

তাই পুরো কবিতা ভাল করে বুঝে পড়বে ও নিজে নিজে উত্তর লিখবে। পরে দেওয়া উত্তর থেকে মিলিয়ে নেবে। নিজে না লিখতে পারলে শিখতে পারবে না।

★ বই থেকে ব্যাকরণ -

১, ৩, ৪ (ব্যাকরণ বিষয়ক প্রশ্ন)

(নিচের দুটো বইএর একটি কাছে থাকা জরুরি। ICSE র ব্যাকরণ এই বই গুলিতে ভাল করে দেওয়া আছে। পুরোনো . নতুন যেমন হোক যেকোনো একটি বই হলেই হবে।)

★★ ICSE Bengali Language & Literature

By Monoranjan Bhandari & Lopamudra Bhandari

A-1 Series, Class 9-10, Renaissance Publication

★★ সরল ভাষা বিকাশ (class 9&10) By সৈকত জানা ও শান্তী জানা

A to Z book concern



ব্যাকরণ

ধ্বন্যাত্মক ও শব্দদ্বৈত

এটি হল এমন কতগুলো শব্দ যা দুবার করে ব্যবহার করা হয়।

কিছু শব্দের মধ্যে ধ্বনি(sound) থাকে, কিছু শব্দে কাল্পনিক ধ্বনি(sound) থাকে। কিছু শব্দ এমনি দুবার ব্যবহার করা হয়।

উদাহরণ

১. মাঠটা খাঁখাঁ করছে। (কাল্পনিক ধ্বনি)
২. কড়কড় করে বাজ পড়ল। (বাস্তব ধ্বনি)
৩. ছোটছোট গাছে ফল ধরেছে। (ধ্বনি নেই, শুধুই শব্দদ্বৈত)

এই ধরনের শব্দ দিয়ে বাক্যরচনা করতে দেওয়া হয়।

★ বাক্য রচনা নিজে কর -

কুটুর কুটুর

উশখুশ

গন্ গন্

রি রি

গন্ গন্

আইটাই

কুড়মুড়

গট্ গট্

চুকচুক

এলোমেলো

★★*****★★